

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৪৬

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ لَبِسَ ثَوْبَ شَهْرٍ مِّنَ الدُّنْيَا أَلْبَسَهُ اللَّهُ ثَوْبَ مَذْلَلٍ يَوْمَ الْقِيَامَةِ». رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاؤِدُ وَابْنُ مَاجَةَ

বাংলা

৪৩৪৬-[৪৩] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি দুনিয়াতে সুনামের পোশাক পরিধান করবে, আল্লাহ তা'আলা কিয়ামতের দিন তাকে অপমানের পোশাক পরাবেন। (আহমাদ, আবু দাউদ, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] হাসান : তাহকীক মুসনাদে আহমাদ ৫৬৬৪, শু'আয়ব আরনাউতুব বলেনঃ এ সানাদটি দুর্বল, কারণ এতে “শরীক” আছেন, আর অবশিষ্ট বর্ণনাকারীগণ বিশৃঙ্খল। ইবনু মাজাহ ৩৬০৭, সহীহ আত্ম তারগীব ওয়াত্ম তারহীব ২০৮৯, শু'আবুল ফাতেমান ৬২২৮, আবু দাউদ ৪০২৯, সহীহুল জামি' ৬৫২৬, আল জামি'উস্স সগীর ১১৪৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইবনুল আসীর বলেনঃ "شِهْرٌ" শুহরাহ্ অর্থ হচ্ছে কোন জিনিস প্রকাশ হওয়া। এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে সে এমন তার পোশাকের রং অন্যান্য মানুষের পোশাকের রঙের চেয়ে ভিন্ন হওয়ার কারণে তার পোশাক মানুষের মধ্যে প্রসিদ্ধ হয়ে যায়। মানুষ তার পোশাকের দিকে তাদের চোখ তুলে তাকায় এবং সেও মানুষের সামনে দস্ত ভরে চলে। এমন কথাই আছে নায়লুল আওত্তারে। এ হাদিস উল্লেখিত 'অপমানের পোশাক' দ্বারা বুঝানো হয়েছে যে, সে ব্যক্তি যেমন এমন কাপড় পরিধান করেছে যে কাপড় পরার কারণে সে দুনিয়ায় মানুষের মাঝে সম্মানিত হয়েছে এবং উচ্চ মর্যাদা পেয়েছে। তার বদলে কিয়ামতের দিন তাকে এমন কাপড় পরানো হবে যা তার অপমানের কারণ হবে। এ হাদিস দ্বারা প্রমাণ হয় যে, খ্যাতি প্রকাশ করে এমন পোশাক পরিধান করা হারাম। এ

হাদিস দ্বারা শুধু দামী ও উৎকৃষ্ট পোশাকই উদ্দেশ্য নয়, বরং এর দ্বারা সেসব পোশাকও উদ্দেশ্য, যেগুলো সমাজের দরিদ্র শ্রেণীর পরিধেয় পোশাকের বিপরীতে পরা হয় মানুষকে দেখানোর উদ্দেশ্য। অতঃপর মানুষ তার এ পোশাক দেখে অবাক হয়। ('আওনুল মা'বুদ ৭ম খন্দ, হাঃ ৪০২৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75070>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন